বাজেট ও অডিট

ভূমি মন্ত্রণালয়

বিষয় : ভূমি ব্যবস্থাপনায় অটোমেশনের নিমিত্ত নিম্নোক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।

গত ১৭/০১/২০১৮ খ্রি. তারিখ বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহ অটোমেশনের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় (অনুলিপি সংযুক্ত):-

(১) **সচিবালয়-** ২০১৮-১৯ অর্থ বছরে মন্ত্রণালয়ের সচিবালয় অংশে অটোমেশনের জন্য অতিরিক্ত ২.০০ (দুই)কোটি টাকা বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(২) **ভূমি আপীল বোর্ড-** Customised software development for appeal case management কার্যক্রম গ্রহণের নিমিত্ত ৬৮১৯ কোড সৃজন পূর্বক ৪০(চল্লিশ) কোটি টাকা বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(৩) **ভূমি সংস্কার বোর্ড-** ই-নামজারী সংক্রান্ত প্রশিক্ষণ ও ভ্রমণ ব্যয় বাবদ ১(এক) কোটি বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(৪) **জেলা, উপজেলা, ইউনিয়ন-** মাঠ পর্যায় হতে সকল স্তরে ভূমি বিষয়ক সকল কার্যক্রম ডিজিটাল পদ্ধতির আওতায় আনয়নের লক্ষ্যে জেলা-৯৬(ছিয়ান্নবই লক্ষ) টাকা, উপজেলা-১৩,৯০,৭০(তের কোটি নব্বই লক্ষ সত্তর হাজার) টাকা, ইউনিয়ন ভূমি অফিস-৫৮,৭৮,৬০(আটান্ন কোটি আটাত্তর লক্ষ ষাট হাজার ) টাকাসহ মোট- ৭৩,৬৫,৩০(তিয়াত্তর কোটি পঁয়ষট্টি লক্ষ ত্রিশ হাজার) টাকা বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(৫) **ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর-** কম্পিউটার সামগ্রী, কম্পিউটার ও যন্ত্রাংশ, কম্পিউটার সফটওয়্যার, প্রশিক্ষণ ব্যয় ও বিশেষ ব্যয় বাবদ- ৩৫০ (তিনশত পঞ্চাশ কোটি) টাকা বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(০৬) **ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র-** এর কম্পিউটার সফটওয়্যার ক্রয়ের লক্ষ্যে ১০ (দশ লক্ষ)টাকা বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(০৭) ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন কর্তৃক ব্যবহৃত অফিস ভবন মেরামত/সংস্কার বাবদ ৫০ (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(০৮) **হিসাবনিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর** সারা বাংলাদেশের প্রতিটি জেলায় তাদের স্ব-স্ব অফিস অটোমেশন জেনারেট করার জন্য ১০(লক্ষ) টাকা বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(০৯) **পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন-** অটোমেশনের জন্য ৫(পাঁচ লক্ষ) টাকা বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(১০) **উন্নয়ন-** ভূমি ব্যবস্থাপনা অটোমেশন" শীর্ষক প্রকল্পটির অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে। পরিকল্পনা কমিশন কর্তৃক এ প্রকল্প অনুমোদিত হলে বরাদ্দের প্রয়োজন হবে। এ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় প্রায় ১২০০ (এক হাজার দুইশত কোটি) টাকা প্রকল্পের প্রস্তাবিত মেয়াদকাল পাঁচ বছর।

২। উপরিউক্ত গৃহীত সিদ্ধান্ত সমূহের আলোকে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন জরুরী। এমতাবস্থায়, ১৭/০১/২০১৮ খ্রি. তারিখ বাজেট ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৮-১৯ অর্থ বছরের বাজেটে ভূমি ব্যবস্থাপনায় অটোমেশনের নিমিত্ত এ সংক্রান্ত কর্মপরিকল্পনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৬/০৩/২০১৮

(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০ (অঃ)

জনাব মোঃ তৌফিকুল আলম
অতিরিক্ত সচিব(উন্নয়ন),
ভূমি মন্ত্রণালয়।

ইউ.ও.নোট নং- ৩১.০০.০০০০.০৩৮.২০.০০৫.১৮.৪০ তারিখ: ০৬/০৩/২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় অগবতির জন্য।
০২। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত।
০৩। যুগ্মসচিব (বাজেট ও অডিট) মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। যুগ্মসচিব (বাজেট ও অডিট) মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৪। অফিস কপি।
০৫। মাস্টার কপি।